# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
## চট্টগ্রাম।

**শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি**

বিজ্ঞপ্তি নং: ০১/২০২১ তারিখ: ৩১/১০/২০২১ ইং

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক দেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

| | | | |
|---|---|---|---|
| ১. | সহযোগী অধ্যাপক | প্রাণিবিদ্যা বিভাগ | ০২(দুই) টি স্থায়ী; |
| ২. | সহযোগী অধ্যাপক | পদার্থবিদ্যা বিভাগ | ০২(দুই) টি স্থায়ী; |
| ৩. | সহকারী অধ্যাপক | পদার্থবিদ্যা বিভাগ | ০৩(তিন) টি স্থায়ী; |
| ৪. | সহকারী অধ্যাপক | অর্থনীতি বিভাগ | ০২(দুই) টি স্থায়ী; |
| ৫. | সহকারী অধ্যাপক | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্সে বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ৬. | সহকারী অধ্যাপক/প্রভাষক | অর্থনীতি বিভাগ | ০২(দুই) টি স্থায়ী; |
| ৭. | সহকারী অধ্যাপক/প্রভাষক (অর্থনীতি বিষয়) | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ৮. | সহকারী অধ্যাপক/প্রভাষক | পদার্থবিদ্যা বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ৯. | প্রভাষক | পদার্থবিদ্যা বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ১০. | প্রভাষক | অর্থনীতি বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ১১. | প্রভাষক (লোকপ্রশাসন বিষয়) | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ১২. | প্রভাষক (নৃবিজ্ঞান বিষয়) | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ১৩. | প্রভাষক (ডেভেলপমেন্ট স্টাডিজ বিষয়) | ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগ | ০১(এক) টি স্থায়ী; |
| ১৪. | প্রভাষক | ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্সে বিভাগ | ০২(দুই) টি স্থায়ী; |
| ১৫. | প্রভাষক | ফার্মেসী বিভাগ | ০২(দুই) টি স্থায়ী; |
| ১৬. | প্রভাষক (অধ্যাপক পদের বিপরীতে) | ফার্মেসী বিভাগ | ০১(এক) টি অস্থায়ী; |
| ১৭. | প্রভাষক | ওশানোগ্রাফি বিভাগ | ০৬(ছয়) টি স্থায়ী। |

**বেতন স্কেল :**

১। সহযোগী অধ্যাপক : জাতীয় বেতন স্কেলের ৪র্থ গ্রেড;
২। সহকারী অধ্যাপক : জাতীয় বেতন স্কেলের ৬ষ্ঠ গ্রেড;
৩। প্রভাষক : জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড।

**প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:**

**১। সহযোগী অধ্যাপক:**

প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই

(ক) উচচতর ডিগ্রি যেমন পি-এইচ.ডি. অথবা এম.ফিল. অথবা এম.লিট. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে একটি দ্বিতীয় মাস্টার্স ডিগ্রি অথবা সম্মানসহ দ্বিতীয় ব্যাচেলর ডিগ্রি থাকতে হবে।

(খ) ন্যূনতম ৮(আট) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে কোনো বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক হিসেবে ন্যূনতম ৫(পাঁচ) বছরের সক্রিয় অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।

(গ) সহকারী অধ্যাপক থাকাকালীন স্বীকৃত মানের গবেষণা জার্নালে প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত ন্যূনতম ৩(তিন)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে, যার মধ্যে ১(এক)টি গবেষণা প্রকাশনা প্রকাশিত হতে হবে এবং প্রার্থী অন্তত: ১(এক)টি গবেষণা প্রকাশনার প্রধান লেখক (Principal Author) হতে হবে।

(ঘ) উচচমানের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন গবেষণা জার্নালে প্রকাশনা থাকলে 'গ' এ বর্ণিত শর্ত শিথিল করা যেতে পারে।

**২। সহকারী অধ্যাপক:**

**(ক) এ বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষকদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক পদের যোগ্যতা:**

প্রার্থীর সংশ্লিষ্ট বিষয়ে অবশ্যই স্নাতক সম্মান কোর্সসহ প্রথম শ্রেণির মাস্টার্স ডিগ্রি অথবা স্নাতক সম্মান ডিগ্রিতে প্রথম শ্রেণিসহ মাস্টার্স ডিগ্রি অথবা স্নাতক পাশ ডিগ্রিতে প্রথম বিভাগসহ প্রথম শ্রেণির মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে যার মধ্যে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

চলমান-২

এম.ফিল. অথবা বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ১(এক) বছরসহ ন্যূনতম ২(দুই)বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত ১(এক)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

পি-এইচ.ডি./ডি.এস-সি./ডি.লিট. ডিগ্রি থাকলে সে ক্ষেত্রে প্রার্থীর এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ন্যূনতম ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক পদে থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত ১(এক)টি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

(খ) **সম্পূর্ণ নতুনভাবে সহকারী অধ্যাপক পদে নিয়োগের জন্য প্রার্থীদের বেলায় প্রযোজ্য যোগ্যতা:**
সহকারী অধ্যাপক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের বেলায় প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা সংশ্লিষ্ট বিভাগে সম্পূর্ণ নতুনভাবে প্রভাষক পদে নিয়োগের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার অনুরূপ (নিম্নে বর্ণিত যোগ্যতার অনুরূপ) হবে। তাছাড়া ন্যূনতম ০৩(তিন) বছরের সক্রিয় শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে, যার মধ্যে কোন সরকারি বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে ১(এক) বছর সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রভাষক থাকাকালীন স্বীকৃত জার্নালে প্রকাশিত একটি গবেষণা প্রকাশনা থাকতে হবে।

৩। **প্রভাষক:**

(ক) এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগে অস্থায়ী ভিত্তিতে নিয়োজিত প্রভাষকগণ স্ব স্ব বিভাগে স্থায়ী ভিত্তিতে নিয়োগের লাভের ক্ষেত্রে সংশ্লিষ্ট শিক্ষক অস্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের সময় যে শিক্ষাগত যোগ্যতা দিয়ে বিজ্ঞাপিত হয়েছিল সে শিক্ষাগত যোগ্যতাই স্থায়ী ভিত্তিতে নিয়োগ লাভের যোগ্যতা হিসেবে গণ্য হবে । অর্থাৎ কর্মরত শিক্ষকদের বেলায় পূর্বের শিক্ষাগত যোগ্যতা বহাল থাকবে।

(খ) **অর্থনীতি, ক্রিমিনোলজি এন্ড পুলিশ সায়েন্স এবং ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. একটিতে ৩.৬৫ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি একটিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৬০ ও অন্যটিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে।

(গ) **পদার্থবিদ্যা, ফার্মেসী এবং ওশানোগ্রাফি বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য যোগ্যতা :**
পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেনিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে কমপক্ষে ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি. /সমমান ও এইচ.এস.সি. /সমমান পরীক্ষায় উভয়টিতে ন্যূনতম জি.পি.এ. ৩.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./ জি.পি.এ. একটিতে ৩.৭০ ও অন্যটিতে ৩.৬০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয়টিতে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।

উক্ত পদে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ২(দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোন প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://www.cu.ac.bd. (Link: Notice Board- Employment/Recruitment- CU Teacher Recruitment) হতে Download করে আবেদনপত্র ও প্রকাশনার নির্ধারিত ফরম সংগ্রহ করা যাবে। সংশ্লিষ্ট সনদপত্রাদিসহ সহকারী অধ্যাপক ও প্রভাষক পদের জন্য ৬(ছয়) সেট দরখাস্ত আগামী ১৫/১১/২০২১ তারিখ পর্যন্ত এবং সহযোগী অধ্যাপক পদের জন্য ১০(দশ) সেট দরখাস্ত আগামী ২২/১১/২০২১ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে (সকাল ৮.০০ টা হতে বিকাল ৩ টা ৩০ মিনিট পর্যন্ত) রেজিস্ট্রার অফিসে গ্রহণ করা হবে।

চলমান-৩

অগ্রণী /জনতা ব্যাংক লিঃ-এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক লিঃ/জনতা ব্যাংক লিঃ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম এর উপর প্রদেয় দরখাস্ত ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট (উক্ত দু'টি ব্যাংকের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা থেকে হলে পে-অর্ডার), প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৩(তিন)কপি সত্যায়িত ফটো দরখাস্তের মূল সেটের সাথে এবং মার্কসীট/ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে। দরখাস্ত অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর নিকট নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফ্ট/পে-অর্ডার এবং সংশ্লিষ্ট কাগজপত্র ফেরৎ যোগ্য নয়।

ফি ব্যতিরেকে কিংবা উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকে দেয় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত দরখাস্ত, বিজ্ঞপ্তির শর্ত পূরণ না করলে সে দরখাস্ত, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় appeared প্রার্থীর পেশকৃত দরখাস্ত, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত ও ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোনো দরখাস্ত নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। বিশেষ ক্ষেত্রে অতিরিক্ত পরিপূর্ণ এক সেট দরখাস্ত যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করে নির্ধারিত সংখ্যক দরখাস্তের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করা যাবে। নির্বাচিত প্রার্থীগণের মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

(প্রফেসর এস.এম. মনিরুল হাসান)
রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
যোগাযোগ: ৭২৬৩১১-১৪, এক্স-৪২০১.

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## শিক্ষক পদের জন্য দরখাস্তের ফরম

------------------------------------------বিভাগের/ইনষ্টিটিউটের/----------------------পদে নিয়োগের/পদোন্নতির জন্য।

১। প্রার্থীর পূর্ণ নাম ঃ--------------------------------------- ------------------------------------------

(বাংলায়) (ইংরেজী বড় হাতের অক্ষরে)

জাতীয় পরিচয়পত্র

২। (ক) পিতার নাম ঃ-------------------------------------- (গ) স্বামীর নাম ঃ-------------------------------

(খ) মাতার নাম ঃ--------------------------------------

৩। (ক) জন্ম তারিখ ঃ (খ) বর্তমান বয়স (গ) জন্ম স্থান

(মাধ্যমিক/সমমান পরীক্ষায় সার্টিফিকেট অনুসারে)

৪। (ক) জাতীয়তা ঃ (খ) ধর্ম (গ) বৈবাহিক অবস্থা ঃ (ঘ) লিঙ্গ ঃ

**৫। (ক) পূর্ণ স্থায়ী ঠিকানা ঃ**

বাড়ী নং ঃ------------------রোড নং------------------
মহল্লা/গ্রাম ঃ------------------------------------------
ডাকঘর ঃ--------------------------------------------
থানা/উপজেলা ঃ----------------------------------------
জেলা ঃ ---------------------------------------------
ই-মেইল ঃ

**(খ) যোগাযোগের ঠিকানা ঃ**

বাড়ী নং ঃ--------------রোড নং----------------
মহল্লা/গ্রাম ঃ-----------------------------------
ডাকঘর ঃ----------------------------------------
থানা/উপজেলা ঃ--------------------------------
জেলা ঃ --------------------------------------
মোবাইল নম্বর ঃ-------------------------------

৬। শিক্ষাগত যোগ্যতা (এস.এস.সি./সমমান পরীক্ষা হতে উচ্চতর ডিগ্রী পর্যন্ত)।

| বিদ্যালয়/মহাবিদ্যালয় /বিশ্ববিদ্যালয়ের নাম | অধীত বছর | | উত্তীর্ণ পরীক্ষার নাম | প্রাপ্ত বিভাগ/শ্রেণী, স্থান ও প্রাপ্ত নম্বর (শতকরা হিসেবে) | পরীক্ষার সন | পাঠ্য বিষয় |
|---|---|---|---|---|---|---|
| | সন হতে | সন পর্যন্ত | | | | |
| | | | | | | |

৭। উচ্চতর ডিগ্রীর জন্য যে সকল তদারককারীর অধীনে অধ্যয়ন করা হয়েছে, তাঁদের নাম ও ঠিকানা ঃ

৮। অধীত বিশেষ পাঠক্রম।

৯। বিশেষ কোন প্রতিষ্ঠানে কোন কোর্সে অংশ গ্রহণ ঃ
প্রশিক্ষন গ্রহণ করে থাকলে তার বিবরণ

১০। দক্ষতা অনুসারে বিভিন্ন ভাষা জ্ঞানের বিবরণ ঃ

১১। সংযুক্ত ফরম অনুসারে প্রকাশনার তালিকা ঃ
(প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত বইয়ের ক্ষেত্রে Abstract
এবং প্রবন্ধের ক্ষেত্রে ফটোকপি দরখাস্তের প্রত্যেক সেটের সাথে
সংযোজন করতে হবে)

১২। শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতা ঃ

(ক) বর্তমান পদবীঃ--------------------------------------- বেতন স্কেল ৳ঃ ----------------------------------

যোগদানের তারিখ ঃ---------------------------------- মূল বেতন ৳ঃ --------------------------------------

প্রতিষ্ঠানের নাম ঃ-------------------------------------

(খ) পূর্ববর্তী চাকরির বিবরণ ঃ
(প্রত্যেক পদের নাম, বেতন স্কেল, প্রাপ্ত সর্বশেষ মূল বেতন,
কার্যকালের মেয়াদ ও প্রতিষ্ঠানের নাম উল্লেখ করতে হবে)

(গ) দরখাস্ত পেশ করার তারিখে সর্বমোট শিক্ষকতা/পেশাগত অভিজ্ঞতা ঃ

১৩। যে সব শ্রেণিতে ও বিষয়ে শিক্ষকতা করা হয়েছে তার বিবরণ ঃ

১৪। কোন বিশ্ববিদ্যালয়ে/প্রতিষ্ঠানে/সংস্থায় কোন নির্ধারিত সময়ের
জন্য চাকরি করতে অংগীকারবদ্ধ থাকলে তার বিস্তারিত বিবরণঃ

১৫। কখনো কোন চাকরিচ্যুত/বরখাস্ত হয়ে থাকলে কারণসহ পদ ও
প্রতিষ্ঠানের নাম ঃ

১৬। শিক্ষা জীবনে নৈতিক স্কলন/শৃঙ্খলা ভংগজনিত কারণে কোন
শাস্তি/দন্ডভোগ করে থাকলে কোন পর্যায়ে কি ধরণের শাস্তি/
দন্ত ভোগ করেছেন তার সঠিক বিবরণ ঃ

১৭। পেনশন প্রাপ্ত হলে এর পরিমাণ এবং সংস্থার নাম ঃ

১৮। কোন খ্যাতিসম্পন্ন প্রতিষ্ঠান/সংস্থার/সমিতির সাথে জড়িত
থাকলে তার নাম ও বিবরণ ঃ

১৯। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পদ শূন্য রেখে পদোন্নতি পেয়ে থাকলে
পদবীসহ তারিখ (অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য) ঃ

২০। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের চাকরিকালে বিনা বেতনে কোন ছুটি
ভোগ করে থাকলে তারিখসহ সময়কাল (অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)ঃ

২১। কোন প্রকাশনার জন্য কোন অনর্জিত ইনক্রিমেন্ট পেয়ে থাকলে
প্রকাশনার নাম ও ইনক্রিমেন্ট প্রাপ্তির তারিখ (অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য)ঃ

২২। আবাসিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতা এবং ছাত্রদের যৌথ
গঠনমূলক কার্যকলাপ উন্নয়নের দক্ষতা ঃ

২৩। নিযুক্তি গ্রহণের প্রত্যাশিত সর্বনিম্ন প্রারম্ভিক মূল বেতন ঃ টাঃ

২৪। পরিচিত কিন্তু জ্ঞাতি বা বৈবাহিক সম্পর্কযুক্ত নয় যাঁদের
হতে প্রার্থীর গবেষণামূলক ও অন্যান্য কাজকর্ম সম্পর্কে জানা
যেতে পারে, এমন দুইজন ব্যক্তির নাম ও ঠিকানা ঃ

১।

২।

২৫। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নংঃ--------------------------------তারিখঃ---------------------টাকা ঃ ৫০০/------------

ইস্যুকারী ব্যাংকের নাম ঃ ------------------------------------শাখাঃ----------------------------------------------

তারিখ ঃ-------------------------- ------------------------

প্রার্থীর স্বাক্ষর

বিঃ দ্রঃ (ক) দরখাস্তের ফরমের সংশ্লিষ্ট কলামে স্থান সংকুলান না হলে প্রার্থী পৃথক কাগজে প্রয়োজনীয় তথ্যাবলী পেশ করতে পারবেন, (খ) সদ্য তোলা তিন কপি সত্যায়িত ছবি এবং মার্কসীটসহ সকল শিক্ষাগত যোগ্যতা অভিজ্ঞতা ও জাতিয় পরিচয় পত্রের/নাগরিকত্বের সার্টিফিকেটের সত্যায়িত কপি দাখিল করতে হবে। (গ) অসম্পূর্ণ /ত্রুটিপূর্ণ দরখাস্ত এবং বিজ্ঞাপনের শর্ত পূরণ করে না এমন দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে, (ঘ) দাখিলকৃত কোন দরখাস্ত, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ও কাগজপত্র ফেরত যোগ্য নয়। (১১-৬-২০০০ ইং তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৩৬১ তম সভার ৩ নম্বর সিদ্ধান্ত অনুমোদিত এবং ৩১/৫/০৭ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৪০ তম সভার ৪২ নম্বর সিদ্ধান্তে ১৬ নং ধারা সংযোজিত)

# UNIVERSITY OF CHITTAGONG
# CHITTAGONG
# PROFORMA FOR LIST OF RESEARCH PUBLICATIONS

| Sl.No | Name of Author | Year of Publication | Title of Publication | Name of Journal | Vol.No. | Part No. | Page No. |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 | 7 | 8 |
| | | | | | | | |

*প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত সকল প্রবন্ধের ফটোকপি  দরখাস্তের প্রত্যেক সেটে সাথে সংযোজন করতে হবে।

---------------------------------

Signature of the Applicant

# UNIVERSITY OF CHITTAGONG

# CHITTAGONG

## PROFORMA FOR LIST OF BOOK PUBLICATIONS

| Sl.No | Author`s Name | Year of Publication | Name of Book | Name of Publisher | Page No. |
|---|---|---|---|---|---|
| 1 | 2 | 3 | 4 | 5 | 6 |
| | | | | | |

*প্রকাশিত/প্রকাশের জন্য গৃহীত সকল বইয়ের **Abstract** দরখাস্তের প্রত্যেক সেটে সাথে সংযোজন করতে হবে।

--------------------------------

Signature of the Applicant